

স্মারক নং ৫১.০১.৩৫০০.০০০.৪১.০০২.২৩-৪৫৫

তারিখ: ২৬/১২/২০২৩খ্রি।

বিষয় : ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/ কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী ২য় কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত খাদ্যশস্য (চাল ও গম) উপ-বরাদ্দ প্রদান।

সূত্র : (ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১১.১৪.০০৪.২৩.৩৪৭; তারিখ: ৩১/১০/২০২৩খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/ কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী ২য় কিস্তির বরাদ্দের বিপরীতে কোটালপিড়া এবং টুঞ্জিপাড়া উপজেলা হতে প্রাপ্ত প্রকল্পসমূহ ২৬/১২/২০২৩ তারিখ অনুষ্ঠিত জেলা কর্ণধার কমিটি সভায় অনুমোদন হয়। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/ কাবিটা) কর্মসূচির পরিপত্র এবং বরাদ্দপত্রের নির্দেশনা অনুসরণপূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তবায়নের নিমিত্ত চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটালপিড়া এবং টুঞ্জিপাড়া এর অনুকূলে বর্ণিত পরিমাণ খাদ্যশস্য (চাল/গম) উপ-বরাদ্দ প্রদান করা হলো।

ক্রমিক নং-	উপজেলার নাম	স্মারক নং- ও তারিখ	বরাদ্দকৃত নগদ অর্থ/ খাদ্যশস্যের পরিমাণ		প্রকল্পের সংখ্যা
			১	২	
১	কোটালপিড়া	১২০৫ ১৪/১২/২০২৩	চাল	৩৬.৬৯৩৯মে:টন	০৬টি
			গম	৩৬.৬৯৩৯মে:টন	০৭টি
২	টুঞ্জিপাড়া	৫৮১ ১৭/১২/২০২৩	চাল	২১.৪০৪৮মে:টন	০৬টি
			গম	২১.৪০৪৮মে:টন	০৬টি

২। এ ব্যয় বাজেট কোড নং- ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০১ (চাল) এবং ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০২ (গম) খাত হতে ব্যয় নির্বাহ করতে হবে।

- শর্তাবলী:-
- ২০২৩-২০২৪ অর্থ বছরে ২য় কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন আগামী ৩১/০১/২০২৪খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
  - এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচির বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
  - গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচির বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর অনুচ্ছেদ- ৩,৪ ও ৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
  - প্তি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্তি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ডিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;
  - নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
  - প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারী কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;
  - বরাদ্দ প্রাপ্তির আনুষ্ঠানিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
  - নতুনভাবে তৈরীকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;
  - গৃহীত প্রকল্প সরেজমিন পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে।
  - নিরীক্ষার জন্য বরাদ্দকৃত অর্থের হিসাব, ভাউচার ও প্রয়োজনীয় কাগজপত্র সংরক্ষণ করতে হবে;
  - প্রকল্পের বাস্তবায়ন কাজের মাসিক অগ্রগতির প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে;

সংযুক্তি: অনুমোদিত তালিকা।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ,  
কোটালপিড়া/টুঞ্জিপাড়া, গোপালগঞ্জ।

২৬.১২.২০২৩  
কাজী মাহবুবুল আলম  
জেলা প্রশাসক  
গোপালগঞ্জ

ফোন : ০২-৪৭৮৮২১৭২০ (অফিস)  
Email: dcgopalganj@mopa.gov.bd

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কোটালপিড়া/টুঞ্জিপাড়া, গোপালগঞ্জ।
- ৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোটালপিড়া/টুঞ্জিপাড়া, গোপালগঞ্জ।
- ৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোটালপিড়া/টুঞ্জিপাড়া, গোপালগঞ্জ।
- ৫। অফিস কপি।